



জাতীয় সংসদে বক্তব্য চলাকালে অসুস্থ জামায়াত এমপি



সংগৃহীত ছবি

জাতীয় সংসদের অধিবেশন চলাকালে হঠাৎ অসুস্থ হয়ে পড়েছেন সাতক্ষীরা-৩ আসনের সংসদ সদস্য ও জামায়াতে ইসলামীর নেতা হাফেজ মুহা. রবিউল বাশার। বুধবার (২৯ এপ্রিল) দুপুর ১টার কিছু আগে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের ২৪তম দিনের কার্যক্রম চলার সময় এ ঘটনা ঘটে। ওই সময় রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাব নিয়ে আলোচনা চলছিল।

অসুস্থ হয়ে পড়ার ঘটনায় সংসদ কক্ষে কিছু সময়ের জন্য উদ্বেগের পরিবেশ তৈরি হয়। এ সময় বগুড়া-৫ আসনের সংসদ সদস্য গোলাম মোহাম্মদ সিরাজ বক্তব্য দিচ্ছিলেন। পরিস্থিতি বুঝে স্পিকার তাকে থামিয়ে বিষয়টি সংসদ সদস্যদের জানান।

স্পিকার জানান, “একজন সংসদ সদস্য অসুস্থ হয়ে পড়েছেন, সবাই একটু অপেক্ষা করুন। হাফেজ মুহা. রবিউল বাশারের অবস্থা কেমন তা দেখা হচ্ছে। সংসদে একজন চিকিৎসক রয়েছেন, তাকে পাঠানো হচ্ছে।”

পরবর্তীতে দ্রুত চিকিৎসা সহায়তার ব্যবস্থা করা হয় এবং তার শারীরিক অবস্থার খোঁজখবর নেওয়া হয়।